# জুলাই গণহত্যা মামলায় শেখ হাসিনাসহ অভিযুক্তদের বিরুদ্ধে আদালতে সাক্ষ্য নাহিদের



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধ মামলায় দ্বিতীয় দিনের মতো সাক্ষ্য দিয়েছেন জুলাই গণঅভ্যুত্থানের অন্যতম সংগঠক নাহিদ ইসলাম। তিনি শেখ হাসিনা, স্বরাষ্ট্রমন্ত্রী ও আইনশৃঙ্খলা বাহিনীর শীর্ষ কর্মকর্তাদের গণহত্যার জন্য দায়ী করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

মানবতাবিরোধী অপরাধ মামলায় শেখ হাসিনাসহ তিনজনের বিরুদ্ধে দ্বিতীয় দিনের মতো সাক্ষ্য দিলেন জুলাই গণঅভ্যুত্থানের অন্যতম সংগঠক নাহিদ ইসলাম।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) বিচারপতি গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন ট্রাইব্যুনালে এই সাক্ষ্যগ্রহণ শুরু হয়। নাহিদ ইসলাম মামলার সর্বশেষ সাক্ষী হিসেবে উপস্থিত হন। এর আগের দিনও তিনি দেড় ঘণ্টার বেশি সময় ধরে জবানবন্দি দিয়েছিলেন।

সাক্ষ্যে তিনি বলেন, আন্দোলনের সময় গ্রেফতার হওয়া নেতাদের মুক্তির শর্তে আন্দোলন প্রত্যাহারের চাপ দেয় শেখ হাসিনা প্রশাসন। ১৬ জুলাইয়ের পর থেকেই গণমাধ্যমে হত্যাযজ্ঞের তথ্য ও আন্দোলনকারীদের কর্মসূচি উপস্থাপন বন্ধ হয়ে যায়।

LENS ASIA

তিনি আরও অভিযোগ করেন—শেখ হাসিনা, স্বরাষ্ট্রমন্ত্রী ও আইনশৃঙ্খলা বাহিনীর শীর্ষ কর্মকর্তারা সরাসরি জুলাই গণহত্যার জন্য দায়ী। এ ঘটনায় তিনি তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।

গতকালের জবানবন্দিতে নাহিদ ইসলাম আওয়ামী লীগ ও ছাত্রলীগের দমনপীড়নের শিকার সাধারণ শিক্ষার্থীদের অভিজ্ঞতার বর্ণনা দিয়েছিলেন।

এদিকে, রামপুরায় আমির হোসেনকে গুলি করে হত্যা ও আরও দুজনকে হত্যার মামলায় সাবেক ডিএমপি কমিশনার হাবিবুর রহমানসহ পাঁচজনের বিরুদ্ধে অভিযোগ গঠনের বিষয়ে আজ আদেশ দেওয়ার কথা রয়েছে।